



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেডপিপল্‌স ডেমোক্র্যাটিকফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ২৮ জানুয়ারি ২০১৮

প্রেস বিজ্ঞপ্তি

রামগড়ে পাহাড়ি গ্রামে সাম্প্রদায়িক হামলার নিন্দা ও প্রতিবাদ

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্র্যাটিক ফ্রন্ট (ইউপিডিএফ) এর খাগড়াছড়ি জেলা ইউনিটের প্রধান সংগঠক সচিব চাকমা আজ ২৮ জানুয়ারি ২০১৮ রবিবার এক বিবৃতিতে রামগড়ের পাতাছড়া ইউনিয়নের হাচৌক পাড়ায় পাহাড়ি বসতবাড়িতে সাম্প্রদায়িক হামলা, ঘরবাড়ি ভাঙচুর ও লুটপাটের তীব্র নিন্দা ও প্রতিবাদ এবং অবিলম্বে দোষীদের গ্রেফতার ও শাস্তির দাবি জানিয়েছেন।

ঘটনার বর্ণনা দিয়ে বিবৃতিতে তিনি বলেন, ‘গতকাল শনিবার ২৭ জানুয়ারি সকাল ৮টার দিকে রামগড়ের ৪৩ বিজিবি ব্যাটালি়নের প্রত্যক্ষ সহায়তায় কালাডেবা লামকু থেকে শ’ খানেক সেটলার দু’টি গাড়িতে করে ৭-৮ কিলোমিটার দূরে রামগড় সদরের দক্ষিণে হাচৌক পাড়ায় এ ন্যাকারজনক হামলা চালায়। এ সময় তারা পদ্ম কুমার ত্রিপুরার দুই ছেলে নিচাই ত্রিপুরা ও পতিন্দ্র ত্রিপুরার বাড়ি ভেঙে দেয় এবং জিনিসপত্র লুট করে নিয়ে যায়। এছাড়া হামলাকারীরা পনেন্দ্র ত্রিপুরার স্ত্রী সরেন বালা ত্রিপুরাকে মারধর করে এবং জয়সেন ত্রিপুরার বাড়িতে ঢুকে রান্নাঘরের চুলা ভেঙে দেয় ও লুটপাট চালায়।’

গ্রামবাসীদের জমি বেদখলের উদ্দেশ্যে উক্ত হামলা চালানো হয়েছে মন্তব্য করে সচিব চাকমা বলেন, ‘হামলাকারীরা নিরীহ ত্রিপুরা গ্রামবাসীদের পরবর্তী এক সপ্তাহের মধ্যে এলাকা ছেড়ে চলে যেতে বলে এবং এ সময়ের মধ্যে চলে না গেলে তাদের উপর আরও হামলা চালানো হবে বলে হুমকি দেয়।’

সচিব চাকমা আরো বলেন, ‘এর আগে গত ২৫ জানুয়ারি বিজিবি ওই গ্রামে গিয়ে সেখানে বাঙালি সেটলার পুনর্বাসন করা হবে বলে জানিয়ে পাহাড়ি গ্রামবাসীদের এলাকা ছেড়ে চলে যেতে হুমকি দিয়েছিল।’

ইউপিডিএফ নেতা বিজিবির এই ভূমিকাকে বেআইনী ও নিজ কর্তব্য বহির্ভূত কাজ বলে উল্লেখ করেন এবং ভবিষ্যতে এ ধরনের হামলা বন্ধ এবং গ্রামবাসীদের নিরাপত্তা ও যথাযথ ক্ষতিপূরণ প্রদানের দাবি জানান।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।